কালের কণ্ঠ

16 APR 2017

### পূর্ণাঙ্গ রায় প্রকাশ

# কারিগরি বোর্ডে উত্তীর্ণরা মেডিক্যাল টেকনোলজিস্ট পদে নিয়োগের যোগ্য

**নিজস্ব প্রতিবেদক ▷**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে স্বাস্থ্য বিষয়ে ডিপ্লোমাধারী ব্যক্তিরা সরকারি, স্বায়ত্তশাসিত বা আধাসরকারি প্রতিষ্ঠানে মেডিক্যাল টেকনোলজিস্ট পদে নিয়োগ পরীক্ষায় আবেদন করার যোগ্য হিসেবে রায় দিয়েছেন আপিল বিভাগ। এ বিষয়ে আপিল বিভাগের ১২ পৃষ্ঠার পূর্ণাঙ্গ রায় সম্প্রতি প্রকাশিত হয়েছে। রায়ে সবাইকে একই ছাতার নিচে আনার ধারণা বাস্তবায়ন করতে যত দ্রুত সম্ভব স্বাস্থ্য মন্ত্রণালয় আইন সংশোধনের পদক্ষেপ গ্রহণ করবে।

মেডিক্যাল টেকনোলজিস্টসহ (ল্যাব, ফার্মাসিস্ট, নার্সিং, রেডিওলজি, ফিজিওথেরাপি ও ডেন্টাল) দুই হাজার ৭৭টি পদের বিপরীতে নিয়োগের জন্য ২০১৩ সালের জানুয়ারিতে বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্য অধিদপ্তর। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, শুধু রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক অনুমোদিত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি থেকে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স উত্তীর্ণরা এ পদের জন্য আবেদন করতে পারবেন। এই অবস্থায় কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ (ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি) রাজীব কুমার, নাজমুল হকসহ কয়েকজন শিক্ষার্থী হাইকোর্টে পৃথক চারটি রিট আবেদন করেন। এর ওপর প্রাথমিক শুনানি শেষে রুল জারি করেন হাইকোর্ট।

এ রুলের ওপর শুনানি শেষে গত বছরের ২৪ মে রায় দেন হাইকোর্ট। রায়ে কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণদের নিয়োগ পরীক্ষায় আবেদন করার সুযোগ দেওয়ার নির্দেশ দেওয়া হয়।

পরে এ রায়ের বিরুদ্ধে আপিল করেন রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ কর্তৃক অনুমোদিত ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা। আপিল বিভাগ গত বছরের ২১ নভেম্বর এই আপিল আবেদন নিষ্পত্তি করে রায় দেন। মঙ্গলবার এ রায়ের কপি প্রকাশিত হয়। রায়ের পর রিটকারীদের আইনজীবী ব্যারিস্টার এম আশরাফ আলী সাংবাদিকদের বলেন, কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণদের মেডিক্যাল টেকনোলজিস্ট পদে নিয়োগ দেওয়া যাবে।